

## 💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযা বিষয়ে প্রশ্নাবলী

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয় ইব্ন আবুল্লাহ ইব্ন বায় রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ১৩ - কোন মুসল্লি নিজ মহল্লায় ফরজ নামাজ পড়লেন অতঃপর জানাযার জন্য গিয়ে দেখলেন যে, ঐ মসজিদে এখনও ফরজ নামাজের জামাত হয়নি। এমতাবস্থায় সে জানাযার জন্য অপেক্ষা করবে না অন্যদের সাথে নামাজে শরিক হবে? এমনিভাবে যে ব্যক্তি এত বিলম্বে আসল যে, নামাজ তিন রাকাত হয়ে গেছে, যদি সে জামাতে শরিক হয় তাহলে তার জানাযাও ছুটে যাওয়ার সম্ভাবনা আছে এমতাবস্থায় সে কি করবে?

উত্তর - কোন মুসলিম যদি মসজিদে এসে দেখতে পায় যে, মুসল্লিগণ জামাতের সহিত নামাজ পড়ছে তখন সেও জামাতে শরিক হয়ে যাবে, এ নামাজ তার জন্য নফল হবে। বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবুজর রাদিয়াল্লাহু আনহুকে বলেছিলেন,

«صل الصلاة لوقتها فإن أقيمت وأنت في المسجد فصل معهم فإنها لك نافلة» (رواه مسلم)

"হে আবুজর, সময়মত নামাজ পড়, যদি নামাজের ইকামত হয় আর তুমি তখন মসজিদে থাক, তখন তাদের
সাথেও নামাজ পড়, এটা তোমার জন্য নফল হবে"। রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম যখন বিদায় হজে
মিনায় অবস্থান করছিলেন, দু'ব্যক্তিকে রাস্লের নিকট আনা হল যারা জামাতে অংশগ্রহণ করে নেই, রাস্লুল্লাহ
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে জিঞ্জেস করলেন.

«ما منعكما أن تصليا معنا ؟» فقالا : يا رسول الله قد صلينا في رحالنا . قال : «لا تفعلا إذا صليتما في رحالكما ثم أتيتما مسجد جماعة فصليا معهم فإنها لكم نافلة»

"আমাদের সাথে তোমরা কেন নামাজ পড়নি" তারা বললঃ হে আল্লাহর রাসূল, আমরা আমাদের দলের সাথে নামাজ পড়েছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে বললেন: "এরূপ কর না, যখন তোমরা তোমাদের তাবুতে নামাজ পড়ে নাও, অতঃপর কোন মসজিদের জামাতে এসে উপস্থিত হও, তখন তাদের সাথেও নামাজ পড়, এটা তোমাদের জন্য নফল হবে"।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14946

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন